

# যুগান্তর

তারিখ - ২৪ MAR 2007 ... !  
পৃষ্ঠা ২৫

৪৭ টোপোইট

## বরিশাল অঞ্চলের ২৪৩ শিক্ষা প্রতিষ্ঠান উদ্দীপনা পুরস্কার পাচ্ছে

### বরিশাল ব্যুরো

২০০৬ সালের এনএসসি ও দাবিদার পরীক্ষায় সর্বোচ্চ সফলতায় জন্য উদ্দীপনা পুরস্কার পাবে বরিশাল বিভাগের ২৪৩টি শিক্ষা প্রতিষ্ঠান। এ কার্যক্রমের আওতায় প্রতিটি স্কুল ও মাদ্রাসা ২০ হাজার টাকা করে পাবে। কিনেসল সেন্টারের স্কুল এম্বলিমেন্ট প্রকল্পের আওতায় এ পুরস্কার দেয়া হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর নামে বরাদ্দ টাকা সমান ভাবে পাবে সংশ্লিষ্ট স্কুল ও মাদ্রাসাগুলোর শিক্ষকরা।

প্রকল্প কর্তৃকতাদের সূত্রে-জানু গেচে, ২০০৫ সাল থেকে উদ্দীপনা পুরস্কার প্রদান শুরু হয়। প্রতি বছর দেশের মোট ১ হাজার ৫২৭টি স্কুল ও মাদ্রাসা এ পুরস্কার পাচ্ছে। ২টি ক্ষেত্রে সাফল্যের জন্য পুরস্কারটি পাচ্ছে এরা। প্রকল্পের শর্ত অনুযায়ী দেড় হাজার স্কুল ও মাদ্রাসায় বিগত বছরের উপন্যাস ২০০৬ সালের পরীক্ষায় পতকরা ২০ ভাগ শিক্ষার্থী বেশি পাস করে; এছাড়া নিয়মিত উপস্থিতিশাস্ত্রের মধ্যে কমপক্ষে ৫ ভাগ রয়েছে পাসের তালিকায়। কর্তৃকর্তার ধানান, দেশে এ পুরস্কার দিতে মোট ব্যয় হচ্ছে ৩ কোটি ৫ লাখ ৪০ হাজার টাকা। এর মধ্যে ৪৮ লাখ ৬০ হাজার টাকা পাবে বরিশাল অঞ্চলের ২৪৩টি শিক্ষা প্রতিষ্ঠান। ইতিমধ্যে এ সংক্রান্ত নির্দেশ জারি হয়েছে। প্রকল্প পরিচালক মহোদয়ের রহমান স্বাক্ষরিত চিঠি পাঠানো হয় সংশ্লিষ্ট স্কুল এবং মাদ্রাসাগুলোকে। পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমেও বিদ্যালয়টি জানানো হয়েছে। সন্তোষজনকভাবে মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ব্যাংক হিসাবে এ টাকা পাঠিয়ে দেয়া হবে।

বরিশাল অঞ্চলে উদ্দীপনা পুরস্কার পাচ্ছে ১৪৫টি স্কুল এবং ৯৮টি মাদ্রাসা। বিভাগে সর্বাধিকসংখ্যক পুরস্কার পাচ্ছে শিরোমন্ডপুর জেলা। এখানে ২৯টি স্কুল ও ২৪টি মাদ্রাসা এ পুরস্কার পাচ্ছে। এছাড়া ঝালকাঠিতে ২৮টি স্কুল এবং ২৫টি মাদ্রাসা, পটুয়াখালীতে ২০টি স্কুল এবং ২২টি মাদ্রাসা, বরিশালে ৩০টি স্কুল এবং ৮টি মাদ্রাসা, বরগনায় ১৮টি স্কুল ও ১২টি মাদ্রাসা এবং জোলায় ১৭টি স্কুল ও ৭টি মাদ্রাসাকে দেয়া হচ্ছে উদ্দীপনা পুরস্কার।